

AKASHVANI KOLKATA

RNU: KOLKATA

Bengali Text Bulletin

Date 14-10-2026

Time: 1.30 AM

বিশেষ বিশেষ খবরঃ-

১/ কেন্দ্রীয় ইলেক্ট্রনিক্স এবং তথ্য প্রযুক্তিমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন, গ্লোবাল সেমিকন্ডাক্টর ভ্যালু চেনে দাম ছাড়াও, বিশ্বাস এবং সাইবার নিরাপত্তা ক্রমশ গুরুত্বপূর্ণ হয়ে উঠছে।

২/ ২০১৫ থেকে ২০২৪ সালের মধ্যে ভারতে যক্ষ্মার নতুন সংক্রমণ ২১ শতাংশ কমেছে।

৩/ প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং জোর দিয়ে বলেছেন, ভারত এবং আসিয়ানভুক্ত দেশ গুলি, ভারত - প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে শান্তিপূর্ণ এবং স্থায়ী পরিবেশ বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।

৪/ দিল্লির বিশেষ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত আজ ককরোচ জনতা পার্টির নেতা সৌরভ দাস এবং আশুতোষ রান্ধাকে পাঁচদিনের বিচার বিভাগীয় হেফাজতের নির্দেশ দিয়েছেন। অপর নেতা আজিঙ্ক শিন্ডে, ব্যক্তিগত বন্ডের বিনিময় মুক্তি পেয়েছেন।

৫/ রাশিয়ার সঙ্গে ডিজেল চুক্তি নিয়ে সমালোচনার মুখে পড়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এই চুক্তির পক্ষে সাফাই দিয়ে জানিয়েছেন , বিশ্ববাজারে জ্বালানির দাম কমানোর জন্যই রাশিয়াকে ডিজেল সরবরাহের অনুমতি দেওয়া হয়েছে।

৬/ হায়দ্রাবাদে চতুর্থ T-20 ক্রিকেট ম্যাচে, ভারত আজ ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি হবে।

কেন্দ্রীয় ইলেক্ট্রনিক্স এবং তথ্য প্রযুক্তিমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন, গ্লোবাল সেমিকন্ডাক্টর ভ্যালু চেনে দাম ছাড়াও, বিশ্বাস এবং সাইবার নিরাপত্তা ক্রমশ গুরুত্বপূর্ণ হয়ে উঠছে। নতুন দিল্লিতে আজ রুমবার্গ নিউ ইকোনোমি ফোরামে অনুষ্ঠানে তিনি বলেন, সেমিকন্ডাক্টর ডিসাইন ম্যানুফ্যাকচারিং এবং উৎপাদিত পণ্যের পরীক্ষার ক্ষেত্রে ভারত নিজেকে বিশ্বাসযোগ্য অংশীদারের স্থানে নিয়ে আসার লক্ষ্য নিয়েছে। তিনি সুসংহত ম্যানুফ্যাকচারিং ক্ষেত্রে একটি সম্পূর্ণ ইকোসিস্টেম তৈরির ওপরও জোর দেন তিনি।

বাইট

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, জোর দিয়ে বলেছেন, ভারত এবং আসিয়ানভুক্ত দেশ গুলি, ভারত - প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে শান্তিপূর্ণ এবং স্থায়ী পরিবেশ বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ। নতুন দিল্লিতে, আজ সকালে, আসিয়ান ভারত থিঙ্ক ট্যাঙ্ক ফোরামের সম্মেলনে তিনি বলেন, দক্ষিণ এশিয় দেশগুলির সঙ্গে সমান সহযোগী হিসেবে এই অঞ্চলে ভারত অ্যাঙ্ক ইস্ট নীতি অধীনে বহুদিন ধরেই চলেছে।

(বাইট – রাজনাথ সিং)

আসিয়ান ভারত, সমুদ্রপথ সহযোগিতা-বর্ষ ২০২৬-এ সমুদ্রপথ সংক্রান্ত সতর্কতা, বিভিন্ন তথ্য আদান-প্রদান এবং জরুরি পরিস্থিতিতে একসঙ্গে কাজ করার ক্ষমতা তৈরি

জলদস্যু মোকাবিলা এবং বেআইনি মাছ-ধরা সহ বিভিন্ন বিষয়ের উল্লেখ করেন। এই ক্ষেত্রে প্রতিরক্ষা বিষয় শ্রী সিং আসিয়ানভুক্ত দেশগুলিকে কৃত্তিম বুদ্ধিমত্তা, ড্রোন, মহাকাশ কেন্দ্রিক সিস্টেমের মতো প্রযুক্তি ক্ষেত্রে সহযোগিতার আহ্বান জানান।

ঢোল এবং পল্লবের শাসনাধীন, প্রাচীন ভারতের বিভিন্ন রাজ্যের রাজধানী গুলির সঙ্গে দক্ষিণ পূর্ব এশিয়ার সমুদ্রপথে বাণিজ্যের উল্লেখ করে প্রতিরক্ষামন্ত্রী বলেন, আজকের আধুনিক যুগে এই সহযোগিতার ভিত তখনই তৈরি করা হয়েছিল।

কেন্দ্রীয় বাণিজ্যমন্ত্রী পীযুষ গোয়েল জানিয়েছেন, গত চার বছরে ভারত ৩৮টি উন্নত দেশের সঙ্গে অগ্রাধিকারের ভিত্তিতে নেওয়া বাণিজ্য চুক্তি স্বাক্ষর করেছে। নতুন দিল্লিতে আজ রুমবার্গ নিউ ইকোনমি ফোরামে ভাষণ দিতে গিয়ে তিনি বলেন, ভারতীয় ব্যবসায়ীদের আন্তর্জাতিক বাজারে প্রবেশের সুযোগ বাড়ানোর পাশাপাশি দেশের বাজারও বিশ্ব বাণিজ্যিক অংশীদারদের জন্য উন্মুক্ত করা হচ্ছে বলে তিনি জানান। এছাড়াও তিনি বলেন ২০১৪ সালের আগে ভারতের বাণিজ্য চুক্তির আওতায় থাকা দেশগুলির সম্মিলিত জিডিপি যেখানে প্রায় ১০ লক্ষ কোটি ডলার ছিল বর্তমানে তা বেড়ে প্রায় ৭০ লক্ষ কোটি ডলারে পৌঁছেছে। কানাডা, মেক্সিকো, মারকোসুর, ইউরেশিয়া-সহ একাধিক দেশের সঙ্গে এই বিষয় নিয়ে আলোচনাও চলছে। তিনি আরো বলেন, ভারত বিশ্বস্ত বাণিজ্যিক অংশীদারিত্ব গড়ে তুলতেও আগ্রহী।

বাইট

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে বৃহত্তর ভারত ‘বিশ্ব ব্যাপী ভারতের সাংস্কৃতিক যোগাযোগ শীর্ষক এক আন্তর্জাতিক সম্মেলনে ভিডিও বার্তার মাধ্যমে ভাষণ দেবেন।

কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রক এই সম্মেলনের আয়োজন করেছে।

উল্লেখ্য, ১৯২৬ সালের ১৪ অক্টোবর কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের প্রেরণায় ভারতীয় শিক্ষাবিদরা পশ্চিমবঙ্গের কলকাতায় 'গ্রেটার ইন্ডিয়া সোসাইটি' বা 'বৃহত্তর ভারত পরিষদ' প্রতিষ্ঠা করেন। এই সম্মেলন ওই সংস্থার শতবর্ষ উদযাপন উপলক্ষে আয়োজন করা হচ্ছে।

উপস্থিত থাকবেন কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত। বিশ্বের অন্যান্য দেশের সঙ্গে ভারতের ঐতিহাসিক ও সাংস্কৃতিক সম্পর্ক নিয়ে আলোচনার জন্য তিন দিনব্যাপী এই সম্মেলনে ৫০টি দেশের প্রতিনিধি, রাষ্ট্রদূত ও শিক্ষাবিদরা অংশ নেবেন। এই উপলক্ষে একটি বিশেষ ভিডিও বার্তার মাধ্যমে বক্তব্য রাখবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। চীন, জাপান, মঙ্গোলিয়া, নেপাল এবং ইরান সহ বিভিন্ন দেশের প্রতিনিধিরা যৌথ সাংস্কৃতিক ঐতিহ্য ও সভ্যতা সংক্রান্ত আলোচনায় অংশ নেবে।

ভারতে ২০১৫ থেকে ২০২৪ সালের মধ্যে যক্ষ্মার নতুন সংক্রমণ ২১ শতাংশ কমেছে, যেখানে বিশ্বে এই হার ১২ শতাংশ। এই চিকিৎসার আওতায় এসেছেন ৯২ শতাংশ রোগী, যেখানে বিশ্বে এই হার ৭৮ শতাংশ।

‘টিবি মুক্ত ভারত অভিযান’-এর আওতায় ২৮ কোটিরও বেশি মানুষের স্বাস্থ্য পরীক্ষা এবং ২০ লক্ষেরও বেশি মানুষকে যক্ষ্মা প্রতিরোধী চিকিৎসা দেওয়া হয়েছে। এই

অভিযানে নতুন করে যুক্ত হয়েছেন ৫ লক্ষ ৭০ হাজারেরও বেশি ‘নিষ্কয় মিত্র’। দেশে যক্ষ্মার চিকিৎসার আওতায় এসেছেন ৯২ শতাংশ রোগী।

এদিকে, যক্ষ্মা সম্পর্কে সচেতনতা বাড়াতে ১৩ই অক্টোবর থেকে ১১টি রাজ্যের ৫৫টি জেলায় পরীক্ষামূলকভাবে ‘জোশ’ অভিযান চালানো হয়। পাশাপাশি, ওষুধ-প্রতিরোধী যক্ষ্মার চিকিৎসায় ছয় মাসের সংক্ষিপ্ত চিকিৎসা পদ্ধতিও চালু করেছে সরকার। জনসচেতনতা ও উন্নত চিকিৎসা পরিষেবার মাধ্যমে ক্রমশ যক্ষ্মা নির্মূলের লক্ষ্যে এগোচ্ছে ভারত।

সেবা সংকল্প অভিযান কর্মসূচির অধীনে আজ শুনবেন ‘প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহাঅভিযান’ বিষয়ে একটি আলোচনা। অধ্যাপক সুপর্ণা সান্যাল মুখার্জীর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী। অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত দশটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গ, ডিটিএইচ বাংলা পরিষেবা ও আকাশবাণী সংবাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

২০০০ টাকার ওপর ব্যবসায়িক লেনদেনের ক্ষেত্রে UPI-MDR চার্জ না নেওয়ার সময়সীমা দীপাবলি পর্যন্ত বাড়ানো হয়েছে। সমাজমাধ্যমে এক বার্তায়, ন্যাশনাল পেমেণ্টস কর্পোরেশন অফ ইন্ডিয়া NPCI জানিয়েছে, UPI এবং সার্ভিসেস স্টিয়ারিং কমিটি, উৎসবের মরসুমের কথা মাথায় রেখেই এই সিদ্ধান্ত নিয়েছে। দীপাবলির পরে নির্দিষ্ট কিছু ব্যক্তির থেকে ব্যবসায়িক UPI লেনদেনের ওপর MDR কার্যকর হতে পারে। এর আগে, আগামী ১৫ ই অক্টোবর থেকে MDR কার্যকর হওয়ার কথা ছিল।

দিল্লির বিশেষ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত আজ ককরোচ জনতা পার্টির নেতা সৌরভ দাস এবং আশুতোষ রাঙ্কাকে পাঁচদিনের বিচার বিভাগীয় হেফাজতের নির্দেশ দিয়েছেন। অন্য নেতা আজিঙ্ক শিন্ডে, ব্যক্তিগত বন্ডের বিনিময় মুক্তি পেয়েছেন। যন্ত্র মন্ত্র এলাকায় বিক্ষোভ সমাবেশ নিষিদ্ধ হওয়ার পর ওই চত্বরে প্রতিবাদ বিক্ষোভ সামিল হওয়ায় দিল্লী পুলিশ এই তিনজনকে গ্রেফতার করেছিল। পুলিশের দাবি গতকাল কিছু বিক্ষোভকারী তালা ভেঙে এবং ব্যারিকেড সরিয়ে জাতীয় পতাকা নিয়ে শ্লোগান দিতে দিতে ওই এলাকায় ঢুকলে নিরাপত্তা বাহিনী তাদের গ্রেফতার করে। সরকারি নির্দেশ অমান্য করে বেআইনিভাবে জমায়েতের অভিযোগে এই তিন নেতাসহ আরো কয়েকজনের বিরুদ্ধে এফআইআর দায়ের হয়। ধৃত এই তিন নেতাকে প্রথমে জাফরপুর কালান থানায় নিয়ে যাওয়া হয়, পরে তাদের আজ ভোরে পার্লামেন্ট স্ট্রিট থানাতে নিয়ে আসা হয়েছে। ককরোচ জনতা পার্টির আইন বিষয়ক প্রধান রত্না সিং গতকাল মধ্যরাত পর্যন্ত ওই নেতাদের সঙ্গে তাদের আইনজীবীকে দেখা করতে দেওয়া হয়নি বলে অভিযোগ করেছেন।

উল্লেখ্য ,মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পদত্যাগের দাবিতে দিল্লিতে হওয়া প্রতিবাদ বিক্ষোভ সামিল হওয়ার সময় এই নেতাদের আগেও গ্রেফতার করা হয়েছিল, তবে শান্তি পালনের শর্তে আদালত তাদের মুক্তি দেয়।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নবরাত্রির চতুর্থ দিনে আজ মা কুম্ভাঙ্কার উদ্দেশ্যে পূজা দিয়ে প্রার্থনা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি কামনা করেছেন, মা

কুশ্মাণ্ডার অসীম শক্তি যেন দেশের সমস্ত নাগরিকের জীবনে নতুন আশা, সুখ, সমৃদ্ধি ও সুস্বাস্থ্য নিয়ে আসে।

শারদীয়া দুর্গোৎসবের আজ চতুর্থী। উৎসবের আমেজ এখন বাংলার আকাশে বাতাসে।

রংবেরঙ এবং বিভিন্ন থিমের মন্ডপসজ্জা, চোখ ধাঁধানো আলোর সাজ এবং ঢাকের শব্দ, বাংলার বুকে নতুন প্রাণের সঞ্চারণ ঘটচ্ছে। বহু প্যাভিলে চলছে শেষ মুহূর্তের টুকিটাকি কাজ। অনেক জায়গাতেই চলে এসেছে প্রতিমা। কলকাতা সহ শহরতলীর একাধিক পুজোর উদ্বোধন হয়ে যাওয়ায়, গতকাল রাতভর শহরের রাজপথ ছিল জনমুখর।

বিহারের বৈশালী জেলার রাঘোপুর দিয়ারা এলাকায় গত রাতে এক নৌকাডুবির ঘটনায় অন্তত ১৩ জনের মৃত্যু হয়েছে। বৈশালীর জেলা শাসক বর্ষা সিং জানান, এই নৌকাডুবির ঘটনায় ৬ জনকে উদ্ধার করা হয়েছে। উদ্ধারকাজ এখনও অব্যাহত রয়েছে। মৃতদের মধ্যে অধিকাংশই নাবালক বলে তাঁর দাবী। নৌকায় করে একটি অনুষ্ঠানে যোগ দিতে যাওয়ার সময় এই দুর্ঘটনা ঘটে। উদ্ধার কাজ পরিচালনার জন্য জেলা পুলিশ ও রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনী মোতায়েন করা হয়েছে। নৌকাটিতে ২০ জন যাত্রী ছিলেন বলে প্রাথমিক ভাবে অনুমান।

রাশিয়ার সঙ্গে ডিজেল চুক্তি নিয়ে সমালোচনার মুখে পড়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এই চুক্তির পক্ষে সাফাই দিয়ে জানিয়েছেন, বিশ্ববাজারে জ্বালানির দাম

কমানোর জন্যই রাশিয়াকে ডিজেল সরবরাহের অনুমতি দেওয়া হয়েছে। তবে এই ডিজেল মার্কিন যুক্তরাষ্ট্রের জন্য নয়।

রাশিয়া প্রথমে তিন লক্ষ টনেরও বেশি ডিজেল সরবরাহ করবে বলে ট্রাম্প গত শুক্রবার জানান এছাড়া নভেম্বরে পাঁচ লক্ষ টন এবং পরবর্তী সময়ে আরও দশ লক্ষ টন ডিজেল সরবরাহ করা হবে বলেও জানান তিনি। অন্যদিকে , রাশিয়ার ডিজেল পরিবহণের ওপর নিষেধাজ্ঞা শিথিল করে মার্কিন অর্থ দপ্তর আগামী ৭ এপ্রিল, ২০২৭ পর্যন্ত অস্থায়ী ছাড়পত্র দিয়েছে।

ভারতীয় আবহাওয়া দপ্তর আজ জম্মু-কাশ্মীর, লাদাখ, তামিলনাড়ু, পুদুচেরি ও কারাইকলের কয়েকটি জায়গায় ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে।

এছাড়াও আগামী দু'দিন অন্ধ্রপ্রদেশ, ওড়িশা, রাজস্থান, বিদর্ভ, হিমাচল প্রদেশ, কেরল, দক্ষিণ অভ্যন্তরীণ কর্ণাটক, তামিলনাড়ু, পুদুচেরি ও কারাইকলের কয়েকটি জায়গায় বজ্রবিদ্যুৎ-সহ ঝড়বৃষ্টির পূর্বাভাসও দিয়েছে আবহাওয়া দপ্তর।

শুক্রবার পর্যন্ত হরিয়ানা, চণ্ডীগড়, দিল্লি, হিমাচল প্রদেশ, পাঞ্জাব ও পশ্চিম রাজস্থানে শিলাবৃষ্টি-ও বজ্র বিদ্যুৎ সহ ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

অন্য দিকে, উপকূলীয় কর্ণাটক, কোঙ্কন ও গোয়ায় আজ গরম ও অস্বস্তিকর আবহাওয়া থাকতে পারে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

হায়দ্রাবাদের রাজীব গান্ধী ক্রিকেট স্টেডিয়ামে চতুর্থ টি টোয়েন্টি আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচে ভারত আজ ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি হবে। খেলা শুরু হবে ভারতীয় সময় সন্ধ্যা ৭টায়।

গত রবিবার ইন্দোরে অনুষ্ঠিত তৃতীয় টি-টোয়েন্টি ম্যাচে ওয়েস্ট ইন্ডিজকে ১৪ রানে হারানোর পর, পাঁচ ম্যাচের সিরিজে ভারত ২-১ ব্যবধানে এগিয়ে রয়েছে।
